গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ১৫৯/২০১৭-১৮

ঢাকা, বুধবার ১৪ ফেব্রুয়ারি ২০১৮, ২ ফাল্গুন ১৪২৪

১। সব ধরনের সন্ত্রাস ও জঙ্গিবাদের বিরুদ্ধে দাঁড়াতে হবে : বিইউবিটি'র সমাবর্তনে রাষ্ট্রপতি

২। দারিদ্র্য দূর করতে গ্রামীণ অর্থনীতিতে বিনিয়োগ করুন : রোমে উন্নয়ন সহযোগীদের প্রতি প্রধানমন্ত্রী

৩। রোহিঙ্গা সমস্যা সমাধানে জোরালো ভূমিকা রাখতে ইইউভুক্ত দেশসমূহের প্রতি স্পিকারের আহ্বান

৪। দেশে লাইসেন্সপ্রাপ্ত কোনো এমএলএম কোম্পানি নেই : সংসদে বাণিজ্যমন্ত্রী

৫। বিশ্বের ১৬৫ দেশে এক কোটিরও বেশি বাংলাদেশী কর্মরত : সংসদে প্রবাসীকল্যাণমন্ত্রী

৬। প্রয়োজনে সিঙ্গাপুরের সঙ্গে এফটিএ করা হবে : বাণিজ্যমন্ত্রী

৭। অপরাধীদের মুখোশ উন্মোচন করাই গণমাধ্যমের দায়িত্ব : বেতার দিবসের অনুষ্ঠানে তথ্যমন্ত্রী

৮। পিপিপিতে বিনিয়োগে আগ্রহী কানাডা : পরিকল্পনামন্ত্রী

৯। দরিদ্রদের জন্য ৬ কোটি মার্কিন ডলার ঋণ দেবে আইএফএডি

১০। প্রেস কাউন্সিল দিবস আজ

চলমান পাতা-২

১। **সব ধরনের সন্ত্রাস ও জঙ্গিবাদের বিরুদ্ধে দাঁড়াতে হবে : বিইউবিটি'র সমাবর্তনে রাষ্ট্রপতি**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সোনার বাংলা বিনির্মাণে সব ধরনের সন্ত্রাস ও জঙ্গিবাদের বিরুদ্ধে রুখে দাঁড়াতে শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। তিনি বলেন, এটি নিশ্চিত করতে হবে যে বাংলাদেশে সন্ত্রাস ও জঙ্গিবাদের কোনো ঠাঁই নেই। গতকাল (১৩ ফেব্রুয়ারি মঙ্গলবার) রাষ্ট্রপতি রাজধানীর বসুন্ধরা আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বাংলাদেশ ইউনিভার্সিটি অভ্ বিজনেস অ্যান্ড টেকনোলজির তৃতীয় সমাবর্তনে নতুন গ্র্যাজুয়েটদের উদ্দেশে এসব কথা বলেন। রাষ্ট্রপতি বলেন, শিক্ষার্থীদের দেশপ্রেম, চারিত্রিক দৃঢ়তা, সামাজিক দায়িত্ববোধ ও পেশাদারিত্বে উদ্বুদ্ধ হয়ে সুখী ও সমৃদ্ধ দেশ গঠনে গুরুত্বপূর্ণ অবদান রাখতে হবে। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.৪), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **ডেইলি সান** (পৃ.৩,ক.২)।

২। **দারিদ্র্য দূর করতে গ্রামীণ অর্থনীতিতে বিনিয়োগ করুন : রোমে উন্নয়ন সহযোগীদের প্রতি প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দারিদ্র্য ও ক্ষুধা দূর করতে গ্রামীণ অর্থনীতিতে বিনিয়োগের জন্য উন্নয়ন সহযোগীদের আহ্বান জানিয়েছেন। তিনি গতকাল (১৩ ফেব্রুয়ারি মঙ্গলবার) ইন্টারন্যাশনাল ফান্ড ফর এগ্রিকালচার ডেভেলপমেন্টের (ইফাদ) ৪১তম পরিচালনা পরিষদের সভার উদ্বোধন অধিবেশনে মূল বক্তব্যে এ আহ্বান জানান। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, আমরা বিশ্বাস করি, স্থিতিশীলতা নিশ্চিত করার জন্য গ্রামীণ অর্থনীতিতে বিনিয়োগ একটি প্রধান বিবেচ্য বিষয় এবং বিশ্বব্যাপী অংশীদারিত্ব ও সহযোগিতা ছাড়া এটি অর্জন করা যাবে না। তিনি বলেন, দারিদ্র্য ও ক্ষুধা দূরীকরণে উন্নয়ন সহযোগীদের আরও একটু উদার হতে হবে। অধিবেশনের মূল প্রতিপাদ্য বিষয় ছিল 'ফ্রাজিলিটি টু লংটার্ম রেসিলেন্স : ইনভেস্ট ইন সাসটেইনেবল রুরাল ইকোনোমি।' এ সময় তিনি বাংলাদেশ ও উন্নয়ন সহযোগীদের মধ্যে সহায়তা অব্যাহত থাকার ব্যাপারে আশা প্রকাশ করে বলেন, অগ্রগতির এ ধারা অব্যাহত রাখতে ইফাদ গুরুত্বপূর্ণ অবদান রাখবে বলে আমাদের প্রত্যাশা। সূত্র : **সংবাদ** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ডেইলি স্টার** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.২)।

৩। **রোহিঙ্গা সমস্যা সমাধানে জোরালো ভূমিকা রাখতে ইইউভুক্ত দেশসমূহের প্রতি স্পিকারের আহ্বান**

রোহিঙ্গা সমস্যা নিয়ে বিশ্ব জনমত বৃদ্ধিতে ইইউভুক্ত দেশসমূহের জোরালো ভূমিকার ওপর গুরুত্বারোপ করেছেন জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। ইউরোপিয়ান পার্লামেন্টের সদস্য জেন লিমবার্ট এমপির নেতৃত্বে পাঁচ সদস্যের ইউরোপিয়ান পার্লামেন্টের দক্ষিণ এশিয়া সম্পর্কিত সংসদীয় প্রতিনিধিদল গতকাল (১৩ ফেব্রুয়ারি মঙ্গলবার) তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করতে গেলে তিনি এ আহ্বান জানান। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৪,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.২,ক.১)।

৪। **দেশে লাইসেন্সপ্রাপ্ত কোনো এমএলএম কোম্পানি নেই : সংসদে বাণিজ্যমন্ত্রী**

বর্তমানে দেশে লাইসেন্সপ্রাপ্ত কোনো মাল্টিলেভেল কোম্পানি নেই। এমএলএম ব্যবসার নামে জনগণকে কেউ যাতে প্রতারিত করতে না পারে সেই লক্ষ্যে কঠোর আইন রয়েছে। আইন অমান্য করে কেউ এমএলএম ব্যবসা পরিচালনা করলে তাকে সর্বোচ্চ ১০ বছর কারাদণ্ড এবং ৫০ লাখ টাকা পর্যন্ত অর্থদণ্ড প্রদানের বিধান রয়েছে। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে গতকাল (১৩ ফেব্রুয়ারি মঙ্গলবার) জাতীয় সংসদ অধিবেশনে এ তথ্য জানান বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৭), **সংবাদ** (পৃ.২,ক.৪), **নিউ নেশন** বিজনেস পাতা (পৃ.১,ক.৪)।

৫। **বিশ্বের ১৬৫ দেশে এক কোটিরও বেশি বাংলাদেশী কর্মরত : সংসদে প্রবাসীকল্যাণমন্ত্রী**

বিশ্বের ১৬৫ দেশে এক কোটিরও বেশি বাংলাদেশী কর্মরত আছেন বলে জাতীয় সংসদে জানিয়েছেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী নুরুল ইলাম বিএসসি। এছাড়া মানব পাচার প্রতিরোধ ও মধ্যস্বত্বভোগীদের দৌরাত্ম্য হ্রাসে নানাবিধ শ্রমিকবান্ধব ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলে তিনি জানান। প্রশ্নোত্তর পর্বে মন্ত্রী বলেন, বিদেশে যে সমস্ত প্রবাসী কর্মী আনডকুমেন্টেড (পরিচয়পত্রহীন) অবস্থায় রয়েছে তাদের সংশ্লিষ্ট দেশে অবস্থিত বাংলাদেশী মিশনের মাধ্যমে বৈধকরণ, আইনি সহায়তা দেওয়া এবং দেশে ফিরিয়ে আনার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে । সূত্র-**জনকণ্ঠ** (পৃ.,ক.৭), **সংবাদ** (শেষ পৃ.,ক.৪)।

৬। প্রয়োজনে সিঙ্গাপুরের সঙ্গে এফটিএ করা হবে : বাণিজ্যমন্ত্রী

রফতানি বাণিজ্য প্রসারে প্রয়োজনে সিঙ্গাপুরের সঙ্গে মুক্ত বাণিজ্য চুক্তি (এফটিএ) করা হবে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। একই সঙ্গে দেশটির পর্যটকদের বাংলাদেশ ভ্রমণে উৎসাহিত করতেও উদ্যোগ নেওয়া হবে। তবে বাণিজ্য বাড়াতে দুই দেশের ব্যবসায়ীদেরই বেশি উদ্যোগী হতে হবে। গতকাল (১৩ ফেব্রুয়ারি মঙ্গলবার) সিঙ্গাপুরে এক সেমিনারে বাণিজ্যমন্ত্রী এসব কথা বলেন। সিঙ্গাপুরে বাংলাদেশ বিজনেস চেম্বার 'বাংলাদেশ ও সিঙ্গাপুরের মধ্যে ব্যবসা ও বাণিজ্য বৃদ্ধি' শীর্ষক এ সেমিনারের আয়োজন করে। প্রধান অতিথির বক্তব্যে তিনি সিঙ্গাপুরের বিনিয়োগকারীদের বাংলাদেশে বিনিয়োগের আহ্বান জানান। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৩)।

৭। অপরাধীদের মুখোশ উন্মোচন করাই গণমাধ্যমের দায়িত্ব : বেতার দিবসের অনুষ্ঠানে তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, অপরাধীদের প্রতি সহানুভূতি তৈরি নয়, অপরাধীদের মুখোশ উন্মোচন করাই গণমাধ্যমের দায়িত্ব। গণমাধ্যমকে অপরাধ ও অপরাধীদের বিরুদ্ধে সোচ্চার থাকতে হবে। গতকাল (১৩ ফেব্রুয়ারি মঙ্গলবার) বিশ্ব বেতার দিবস উপলক্ষে রাজধানীর আগারগাঁওয়ে এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। বাংলাদেশ বেতার এ অনুষ্ঠানের আয়োজন করে। এবারের বিশ্ব বেতার দিবসের মূল প্রতিপাদ্য 'ক্রীড়াঙ্গনে বেতার'। দেশের ক্রীড়াঙ্গনকে জনপ্রিয় করে তুলতে বেতারের অবদানকে স্মরণ করেন মন্ত্রী। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩), **সমকাল** (পৃ.১৯,ক.৫), **নিউজ টুডে** (পৃ.২,ক.২), **নিউ এজ** (শেষ পৃ.,ক.৪)।

৮। পিপিপিতে বিনিয়োগে আগ্রহী কানাডা : পরিকল্পনামন্ত্রী

কানাডা সরকারি-বেসরকারি অংশীদারিত্বভিত্তিক (পিপিপি) বিনিয়োগে আগ্রহী। বিশেষ করে অবকাঠামো খাতে আগ্রহ রয়েছে বলে জানিয়েছেন দেশটির কমার্শিয়াল করপোরেশনের প্রেসিডেন্ট মার্টিন জাবলোকি। গতকাল (১৩ ফেব্রুয়ারি মঙ্গলবার) পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামালের সঙ্গে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করতে এসে জাবলোকি এ আগ্রহের কথা জানান। পরিকল্পনামন্ত্রী বলেন, বর্তমান সরকারের বিনিয়োগবান্ধব কর্মসূচির ফলে বাংলাদেশ লাভজনক বিনিয়োগের স্থানে পরিণত হয়েছে। তিনি কানাডার উদ্যোক্তাদের বিনিয়োগের আহ্বান জানান। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **নিউ নেশন** বিজনেস পাতা (পৃ.১,ক.৭)।

৯। দরিদ্রদের জন্য ৬ কোটি মার্কিন ডলার ঋণ দেবে আইএফএডি

গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর আর্থসামাজিক উন্নয়নে জাতিসংঘের কৃষি উন্নয়ন তহবিলের সঙ্গে একটি ঋণ চুক্তিতে স্বাক্ষর করেছে বাংলাদেশ। গতকাল (১৩ ফেব্রুয়ারি মঙ্গলবার) রোমে আইএফএডি সদর দপ্তরে সংস্থাটির ৪১তম গভর্নিং কাউন্সিলের সভাশেষে প্রায় ৬ কোটি ৩২ লাখ মার্কিন ডলারের এ ঋণ চুক্তি হয়। চুক্তির পর পররাষ্ট্র সচিব শহীদুল হক জানান, চুক্তির অর্থ দিয়ে দেশের উত্তর-পূর্বাঞ্চলের ছয় জেলায় একটি প্রকল্প বাস্তবায়ন করা হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১), **ডেইলি স্টার** (পৃ.৫,ক.১)।

১০। প্রেস কাউন্সিল দিবস আজ

আজ ১৪ ফেব্রুয়ারি বাংলাদেশ প্রেস কাউন্সিল দিবস। যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদ্‌যাপনের লক্ষ্যে দিনব্যাপী শুভেচ্ছা বিনিময়সহ নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। গতকাল প্রেস কাউন্সিলের পক্ষ থেকে এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, আজ (বুধবার ১৪ ফেব্রুয়ারি) সকাল ১০টায় প্রেস কাউন্সিল মিলনায়তনে কেক কাটার মধ্য দিয়ে দিবসটি উদ্‌যাপনের সূচনা করবেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু, তথ্য প্রতিমন্ত্রী তারানা হালিম, প্রেস কাউন্সিলের চেয়ারম্যান বিচারপতি মোহাম্মদ মমতাজ উদ্দিন আহমেদ। এদিকে প্রেস কাউন্সিল দিবস উপলক্ষে বাণী দিয়েছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **সমকাল** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (পৃ.২,ক.২), **ডেইলি সান** (পৃ.৩,ক.৫)।

সম্পাদকীয়

ক. **প্রথম আলো :** চট্টগ্রাম নগরের জলাবদ্ধতা স্থায়ীভাবে নিরসনের জন্য নতুন খাল খনন প্রকল্প দ্রুত বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ।

খ. **ইত্তেফাক :** ময়লা-আবর্জনায় সাভার পৌরসভা প্রায় পুরোটাই ডাস্টবিনের শহরে পরিণত হওয়ার কথা উল্লেখ করে রাজধানীসহ সারাদেশে এ সমস্যা নিরসনে আধুনিক বর্জ্য ব্যবস্থাপনা গড়ে তোলার আহ্বান।

গ. **জনকণ্ঠ :** সর্বশেষ শেয়ার বাজার ধসের পর নানা সংস্কার উদ্যোগের কারণে কয়েকবছরে দেশের শেয়ার বাজার স্থিতিশীলতা ফিরে পাওয়ায় স্বস্তি প্রকাশ করে দেশের অর্থনীতির জন্য তা ইতিবাচক বলে মতপ্রকাশ।

ঘ. **সমকাল :** মাছ-মাংসের উৎপাদন বৃদ্ধি পাওয়ায় বাংলাদেশ স্বয়ংসম্পূর্ণতা অর্জন করার কথা উল্লেখ করে এর সাথে সাথে অন্যান্য রবিশস্য ও খাদ্যপণ্যের উৎপাদন বৃদ্ধির ব্যাপারে দূরদর্শী কর্মপরিকল্পনা প্রণয়ন করে বাস্তবায়নের সুপারিশ।

ঙ. **ডেইলি সান :** মেট্রোরেল, ফ্লাইওভার ও ইউলুপের নির্মাণ কাজসহ নানা প্রয়োজনে ঢাকার সড়কগুলো খনন করে ফেলে রাখায় জনদুর্ভোগের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে এ ব্যাপারে সমন্বিতভাবে কাজ করার সুপারিশ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** মানবজীবনে ঔষধী ও ভেষজ গাছের গুণাগুণ সম্পর্কে ব্যাপক জনসচেতনতামূলক প্রচারণা চালিয়ে জনগণকে এ ব্যাপারে সচেতন করে তোলার আহ্বান।

ছ. **ডেইলি স্টার :** নারায়ণগঞ্জে ছাত্রী পড়ানোয় অস্বীকৃতি জানানোয় এক শিক্ষিকাকে অভিভাবক কর্তৃক নির্যাতন করার ঘটনায় অভিযুক্ত’র বিরুদ্ধে দ্রুত আইনি পদক্ষেপ নেওয়ার প্রত্যাশা।

জ. **নিউ এজ, সংবাদ, ইত্তেফাক :** বিশ্ববিদ্যালয়ে র‌্যাগিংয়ের নামে জুনিয়র শিক্ষার্থীদের ওপর নির্যাতন করার উদ্বেগজনক অপসংস্কৃতি বন্ধের ওপর গুরুত্বারোপ।

ঝ. **অবজারভার :** ট্রান্সপোর্ট এজেন্সির দ্বারা কক্সবাজার ও চট্টগ্রাম থেকে সারা দেশে মাদক ছড়িয়ে পড়ায় মাদক ব্যবসার সিন্ডিকেট প্রতিরোধে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে সংশ্লিষ্টদের বিরুদ্ধে কঠোর আইনি ব্যবস্থা নেওয়ার সুপারিশ জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

উপসম্পাদকীয়

যায়যায়দিন পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, দেশের দুর্নীতি নিরসনে দুর্নীতি দমন কমিশনকে আরও শক্তিশালী করা প্রয়োজন।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রাকাশিত **‘দারিদ্র্যবিমোচন এবং প্রাসঙ্গিক ভাবনা’** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, কর্মসংস্থানের সুযোগ তৈরির পাশাপাশি বিদেশের চাহিদা মোতাবেক নারী-পুরুষ নির্বিশেষে জনশক্তি রপ্তানির জন্য উপযুক্ত মানবসম্পদ হিসেবে গড়ে তুলতে হবে।

#

শুকলা/মরজিনা/সাইদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা